



ঢাকায় পৌঁছেছেন জুবাইদা রহমান, সরাসরি যাচ্ছেন এভারকেয়ারে



সংগৃহীত ছবি

যুক্তরাজ্য থেকে ঢাকায় ফিরেছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের স্ত্রী জুবাইদা রহমান। শুক্রবার (৫ ডিসেম্বর) সকাল পৌনে ১১টার কিছুক্ষণ আগে বাংলাদেশ বিমানের বিজি-৩০২ বিমান তাকে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছে দেয়।

এর আগে, বৃহস্পতিবার লন্ডনের স্থানীয় সময় সন্ধ্যা ছয়টার দিকে তিনি বাংলাদেশের উদ্দেশে রওনা দেন। বিমানবন্দর থেকে সরাসরি এভারকেয়ার হাসপাতালে যাওয়ার পরিকল্পনা রয়েছে। এ সময় খালেদা জিয়ার ব্যক্তিগত চিকিৎসক ডা. এ জেড এম জাহিদ হোসেন জানিয়েছেন, হাসপাতালে পৌঁছে রোগীর অবস্থা অনুযায়ী পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে।

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর জানিয়েছেন, কাতারের বিশেষ এয়ার অ্যাঙ্কলেসে কারিগরি ত্রুটির কারণে আজ খালেদা জিয়ার লন্ডন যাত্রা সম্ভব হচ্ছে না। তবে তিনি জানান, খালেদা জিয়ার শারীরিক অবস্থা যদি বিদেশে যাত্রার উপযুক্ত থাকে এবং মেডিকেল বোর্ড অনুমোদন দেয়, তাহলে আগামী রোববার (৭ ডিসেম্বর) তিনি উন্নত চিকিৎসার জন্য দেশ ছাড়বেন।

# LENS ASIA